

WE ARE
MACMILLAN.
CANCER SUPPORT

'আমার পায়খানায়
রক্ত ছিল

এবং আমি সাথে
সাথে ডাক্তারের সাথে দেখা
করতে গিয়েছিলাম।'

John



অস্ত্রের ক্যান্সারের লক্ষণসমূহ

যুক্তরাজ্যে সবচেয়ে বেশি ঘটে থাকা তৃতীয় ক্যান্সার হলো অস্ত্রের ক্যান্সার। পুরুষ ও মহিলা উভয়েই এতে আক্রান্ত হতে পারে। অস্ত্রের ক্যান্সারে আক্রান্ত বেশিরভাগ ব্যক্তির বয়স 50 বছরের বেশি।

কোন পরিবর্তনগুলোর দিকে খেয়াল রাখতে হবে এবং কখন আপনার ডাক্তারকে দেখাতে হবে তা জানাটা সত্যিকারের পরিবর্তন রচনা করতে পারে। আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না - সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি থাকলে আপনার ডাক্তারকে দেখান:

- আপনার পায়খানায় (মলে) তিন সপ্তাহ বা আরো বেশি সময় ধরে রক্ত গেলো।
- পাতলা পায়খানা বা ডায়রিয়া তিন সপ্তাহ বা আরো বেশি সময় ধরে চললে।
- আপনার পেটে বা পায়ুপথে (মলাশয়ে) ব্যথা হলে বা পিণ্ড তৈরি হলে।
- টয়লেটে যাওয়ার পর আপনার পেট ভালোভাবে খালি হয়নি বলে মনে হলে।
- কোনো উপযুক্ত কারণ ছাড়াই ওজন কমে গেলো।
- কিছু সময়ের জন্য স্বাভাবিকের চেয়ে বেশি ক্লান্ত বোধ করলে।

এই সব লক্ষণধারী বেশিরভাগ ব্যক্তির অস্ত্রের ক্যান্সার নেই - অন্যান্য কারণে এগুলো দেখা দিতে পারে। কিন্তু নিজেই নিজের রোগনির্ণয় করার চেষ্টা করবেন না - আপনার ডাক্তারকে দেখান। যদি আপনার ক্যান্সার থাকে, এটা যত দ্রুত ধরা পড়বে, সাফল্যের সাথে চিকিৎসা করানোর সম্ভাবনা তত বেড়ে যাবে।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডাক্তারের সময় নষ্ট করছেন না।

অস্ত্রের ক্যান্সার যত আগে ধরা পড়বে, এর নিরাময়ের সম্ভাবনা তত বেড়ে যাবে।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন **macmillan.org.uk**

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 2^{য়} সংস্করণ MAC13693_BOWEL_BENGALI. পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুল্লিখিত করে রিসাইকেল করুন।

